১৭৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)-**১৯২**

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৩ / ৯ মে ২০১৬

পরিপত্র

বিষয়ঃ **অনলাইনে বেতন নির্ধারণ ব্যাতিরেকে বেতন প্রদান সাময়িকভাবে বন্ধ রাখা প্রসঙ্গে**

জাতীয় বেতন স্কেল ২০১৫-এর আদেশ গেজেট আকারে প্রকাশের পর সকল সরকারি চাকুরিজীবির জন্য বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ (Pay fixation) ব্যবস্থার প্রচলন করা হয়েছে, যার মাধ্যমে সকল সরকারি চাকুরিজীবির বেতন ও অন্যান্য তথ্য সম্বলিত একটি নির্ভুল ডাটাবেজ প্রস্তুত হচ্ছে। এ ডাটাবেজ ব্যবহার করে সরকারি চাকুরিজীবিদের জন্য একটি আধুনিক তথ্যপ্রযুক্তি নির্ভর Payroll Management System প্রণয়নের কাজ চলমান রয়েছে যার মাধ্যমে বেতন-ভাতা নির্ধারিত ব্যাংক একাউন্টে যথাসময়ে প্রেরণ, স্বয়ংক্রিয়ভাবে শেষ বেতনের প্রত্যয়নপত্র (এল.পি.সি) প্রণয়ন, বেতন-ভাতা সংক্রান্ত সরকারি ব্যয়ের নির্ভুল হিসাবায়ন, অবসরের যাওয়া কর্মচারিগণের পেনশন প্রস্তাব দ্রুত নিষ্পত্তিকরণ ইত্যাদি কার্যক্রম আরো দক্ষতার সাথে সম্পন্ন করা সম্ভব হবে। এটি সফলভাবে বাস্তবায়িত হলে একদিকে যেমন সরকারের আর্থিক ব্যবস্থাপনা ও মানবসম্পদ ব্যবস্থাপনার মান উন্নত হবে, অপরদিকে সরকারি কর্মচারিগণও উন্নততর সেবা পাবেন।

০২। অনলাইনে বেতন নির্ধারণের ব্যবস্থাটি গত ১৫ ডিসেম্বর, ২০১৫ হতে চালু রয়েছে এবং অধিকাংশ সরকারি কর্মচারি এ সুবিধাটি গ্রহণ করে সফলভাবে অনলাইনে তাদের বেতন নির্ধারণ করেছেন ও নতুন স্কেলে বেতন আহরণ করেছেন। তবে, জাতীয় পরিচয়পত্রের তথ্যগত ভুল সংশোধন ও অন্যান্য বিভিন্ন কারণে এখনো স্বল্পসংখ্যক কর্মচারি অনলাইনে বেতন নির্ধারণ করেননি। নতুন স্কেলে বেতন নির্ধারণ করতে না পারায় এসকল কর্মচারি এখনো জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুসারে বেতন গ্রহণ করছেন। কিন্তু শতভাগ কর্মচারির নতুন স্কেলে বেতন নির্ধারণ না হওয়ায় প্রণীত ডাটাবেজটি অসম্পূর্ণ রয়ে যাচ্ছে, যা গুরুত্বপূর্ণ কিছু সংস্কার কাজকে বাধাগ্রস্ত করছে।

০৩। এ প্রেক্ষাপটে, দ্রুততম সময়ের মধ্যে সকল সরকারি কর্মচারির অনলাইনে বেতন নির্ধারণ নিশ্চিত করতে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) যেসকল সরকারি কর্মচারি জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে এখনো অনলাইনে বেতন নির্ধারণ করেননি তাদের সকলকে আগামী **২০ জুলাই, ২০১৬ তারিখের মধ্যে** বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ সম্পন্ন করতে হবে।

খ) যেসকল সরকারি কর্মচারী এ নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে বেতন নির্ধারণ করতে ব্যর্থ হবেন তাদের অনুকূলে বেতন পরিশোধ আগামী জুলাই ২০১৬ (যা ১ আগস্ট ২০১৬ তারিখে প্রদেয়) হতে সাময়িকভাবে স্থগিত থাকবে;

গ) যেসকল কর্মচারির জাতীয় পরিচয়পত্র নেই এবং বর্তমান কর্মস্থল হতে জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করার সুযোগ নেই, তারা যাতে কর্মস্থল হতে ছুটি নিয়ে জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করতে পারেন সে বিষয়টি তাদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিশ্চিত করবেন;

ঘ) যাদের বেতন পরিশোধ স্থগিত থাকবে, তারা পরবর্তীতে সফলভাবে অনলাইনে বেতন নির্ধারণ সম্পন্ন করলে যথানিয়মে বকেয়া বেতন প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৯/৫/২০১৬

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
অতিরিক্ত সচিব (বাজেট-১)
☎ ৯৫১১০৫০

বিতরণ (অধীনস্ত অধিদপ্তর/পরিদপ্তর/অফিসসমূহকে অবহিতকরণের অনুরোধসহ):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা
৩. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব,
....মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৭. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৮. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৯. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১০. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১১. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সিজিডিএফ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১২. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রবিধি, বাস্তবায়ন ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যাক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা কর্মসূচি, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
....মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. সিনিয়র তথ্য কর্মকর্তা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(পরিপত্রটি সংবাদ মাধ্যমকে অবহিত করার অনুরোধ করা হলো)
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, সেকশন-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.১৫২.০০২.৭১.২০১৬-১১৫৬

তারিখ : ০৪ জৈষ্ঠ্য ১৪২৩ / ১৮ মে ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ...বিভাগ, ... ।
৪। সহকারী পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ... জেলা।
৬। সুপারিনটেনডেন্ট, পিটিআই, ... উপজেলা, ... জেলা।
৭। উপজেলা/থানা শিক্ষা অফিসার, ... উপজেলা, ... জেলা।
৮। ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার, ... উপজেলা, ... জেলা।

(৩ থেকে ৮: পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।)

৯। সকল কর্মকর্তা/কর্মচারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
১১। গার্ড ফাইল।
১২। অফিস কপি।

(মোঃ নবুওয়াত হোসেন সরকার)
সহকারী পরিচালক (অর্থ-রাজস্ব)
ফোনঃ ৫৫০৭৪৯২৭

দু'টি সন্তানের বেশি নয়, একটি হলে ভাল হয়।